

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

আগারগাঁও, ঢাকা

www.ecs.gov.bd

জনসংযোগ শাখা

তারিখ: ০৪ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ২৫ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ২৭ এপ্রিল ২০২৩ তারিখে মনোনোনপত্র দাখিলের সময় গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনের মেয়র প্রার্থী এ্যাডভোকেট মোঃ আজমত উল্লা খানকে নির্বাচনি আচরণ বিধি লঙ্ঘনের জন্য ৩০ এপ্রিল ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১০.২৩-২৫৯ নং স্মারকমূলে ব্যাখ্যা তলব করা হয়। তা সত্ত্বেও অদ্য ০৪/০৫/২০৩ তারিখ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি সভা করে মেয়র প্রার্থী এ্যাডভোকেট মোঃ আজমত উল্লা খান এর পক্ষে ভোট চেয়েছেন। যেখানে মেয়র প্রার্থী এ্যাডভোকেট মোঃ আজমত উল্লা খান উপস্থিত ছিলেন, যা বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত হয়েছে। উল্লিখিত কার্যক্রম সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ০৫ এর পরিপন্থী। আচরণ বিধিমালার বিধি ৫ লংঘনের জন্য বিধি ৩২ অনুযায়ী প্রার্থিতা বাতিলের বিধান রয়েছে।

গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মেয়র প্রার্থী এ্যাডভোকেট মোঃ আজমত উল্লা খানকে ইতঃপূর্বে সতর্ক করা সত্ত্বেও প্রতীক বরাদ্দের পূর্বে নির্বাচনি প্রচারণা করার ফলে আচরণবিধিমালার ৫ বিধি ভঙ্গের দায়ে কেন তাঁর প্রার্থিতা বাতিল করা হবে না সে বিষয়ে নির্বাচন কমিশনে (কক্ষ নং-৩১৪, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা) ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ০৭ মে ২০২৩ তারিখ একই সময় (বিকাল ৩.০০ ঘটিকায়) ব্যাখ্যা প্রদানের জন্য মাননীয় নির্বাচন কমিশন অদ্য ০৪ মে ২০২৩ তারিখের সভায় সিদ্ধান্ত প্রদান করেছেন।

এছাড়া, গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে সরকারের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি হওয়া সত্ত্বেও মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি সভা করে মেয়র পদ প্রার্থী এডঃ মোঃ আজমত উল্লা খান এর উপস্থিতিতে তাঁর পক্ষে ভোট চেয়ে সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ লঙ্ঘন করেছেন। এ বিষয়টি মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি এর গোচরে নেওয়ার জন্য তাঁর একান্ত সচিবকে নির্বাচন কমিশনের পক্ষে পত্র প্রেরণ করা হয়েছে।

(মোঃ আশাদুল হক)

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫৫৬